গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৭.১১৬

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের বিগত ০৩/০৪/২০১৭ তারিখের জেএসসি/পনিদ/নিয়োগ-১০ম বিজেএস/২/২০১৫/১৭ নম্বর স্মারকের সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত সাময়িকভাবে মনোনীত প্রার্থীকে কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুসারে জ্যেষ্ঠতা অক্ষুণ্ণ রেখে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে সহকারী জজ পদে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেডে ৩০৯৩৫-৬৪৪৩০ বেতনক্রমে নিম্নলিখিত শর্তে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হলো এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সহকারী জজ (শিক্ষানবিশ) হিসেবে পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নং | মনোনীত প্রার্থীর নাম | মনোনীত প্রার্থীর পিতার নাম | মনোনীত প্রার্থীর জন্ম তারিখ | মনোনীত প্রার্থীর নিজ জেলা | কোটা | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ৫৮তম | ৫৭৯৬ | ইব্রাহিম খলিল | অফেজ উদ্দীন গাজী | ১৯.০১.১৯৯০ | সাতক্ষীরা | মেধা | সহকারী জজ, চুয়াডাঙ্গা |

২। উক্তরূপে নিয়োগপ্রাপ্ত সহকারী জজ এর ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলি প্রযোজ্য হবে ঃ

(ক) শিক্ষানবিশ সহকারী জজ হিসেবে চাকরিতে যোগদানের তারিখ হতে ০৩ (তিন) মাস [৪২ (বিয়াল্লিশ) দিন সিনিয়র সহকারী জজ আদালতে, ০৭ (সাত) দিন জেলা লিগ্যাল এইড অফিসে, ১০ (দশ) দিন যুগ্ম জেলা ও দায়রা জজ আদালতে, ২১ (একুশ) দিন চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এবং ১০ (দশ) দিন জেলা ও দায়রা জজ আদালত/কার্যালয়ে] সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ এর তত্ত্বাবধানে আদালতের কার্যাবলী পরিচালনা, অফিস ব্যবস্থাপনা এবং সরকারি আইনি সহায়তা কার্যক্রম সর্ম্পকে প্রশিক্ষণ গ্রহণ করবেন;

(খ) এই নিয়োগপত্র অনুসারে যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিশ স্তরে থাকবেন। তবে স্থায়ীকরণের পূর্বে উক্ত মেয়াদ এক বা একাধিকবার অতিরিক্ত ২ (দুই) বৎসর পর্যন্ত বৃদ্ধি করা যাবে;

(গ) শিক্ষানবিশ মেয়াদে (বর্ধিত মেয়াদকালসহ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকার কর্তৃক নির্ধারিত এক বা একাধিক প্রতিষ্ঠানে সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

(ঘ) পরীক্ষা ও প্রশিক্ষণ সম্পর্কে শিক্ষানবিশ সহকারী জজ এর প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮ অনুসরণ করা হবে;

(ঙ) শিক্ষানবিশিকালে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ এবং বিভাগীয় পরীক্ষায় উর্ত্তীণ হবার পর অন্যান্য শর্তাদি প্রতিপালন সাপেক্ষে তাঁকে চাকরিতে স্থায়ী (Confirm) করা হবে;

(চ) কোন শিক্ষানবিশের শিক্ষানবিশ মেয়াদ বা বর্ধিত মেয়াদ থাকলে তা চলাকালে যে কোন সময় বা উহা শেষ হবার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয়, বা ক্ষেত্রমত ছিল না কিংবা তাঁর কর্মদক্ষ হবার সম্ভবনা নাই বা তিনি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হননি বা প্রশিক্ষণ সমাপ্ত করেননি তা হলে নিয়োগকারী কৃর্তপক্ষ উক্ত মেয়াদ চলাকালে বা ক্ষেত্রমত উক্ত ৬ (ছয়) মাসের মধ্যে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাতে পারবেন;

(ছ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজকে উপ-অনুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশিকালে অথবা শিক্ষানবিশিকাল উর্ত্তীণ হবার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন তা হলে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরৎ দিতে বাধ্য থাকবেন;

(জ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি তাঁর ইস্তফা পত্র গৃহীত হবার পূর্বে সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপ-অনুচ্ছেদ (ছ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ The Public Demands Recovery Act, 1913 (Act III of 1913) এর বিধান অনুসারে আদায়যোগ্য হবে এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) এই প্রজ্ঞাপন দ্বারা নিয়োগপ্রাপ্ত সহকারী জজ এর জ্যেষ্ঠতা/মেধা তালিকা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন কর্তৃক প্রদত্ত সুপারিশ অনুসারে নির্ধারিত হবে;

(ঞ) নিয়োগপ্রাপ্ত সহকারী জজ যদি আইনানুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন বিদেশী নাগরিককে বিবাহ করেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হন, তাহলে তাঁর এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ট) শিক্ষানবিশ সহকারী জজ এর চাকরি সংক্রান্ত অন্যান্য বিষয়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭; বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকরির অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭ ও বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এবং সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান এর অনুচ্ছেদ ১১৬ অনুসরণ করা হবে;

(ঠ) কোন শিক্ষানবিশ সহকারী জজকে চাকরিতে স্থায়ী করা হলে পেনশন, অর্জিত ছুটি ও অন্যান্য বিষয়ে শিক্ষানবিশকালীন মেয়াদ তাঁর মোট চাকরিকালে অন্তর্ভুক্ত হবে;

(ড) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে আরো একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঢ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩ (১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;

(ণ) মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের মুক্তিযোদ্ধার সনদ পরবর্তীতে যাচাই-বাছাইকালে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তাঁর নিয়োগ বাতিল হবে এবং তাঁর বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হবে;

(ত) এই প্রজ্ঞাপনে সুনির্দিষ্ট বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরির শর্তাদি নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রণীতব্য আইন, আদেশ ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং

(থ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

৩। উপর্যুক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হলে নিয়োগপ্রাপ্ত সহকারী জজকে **আগামী ১৪-০৩-২০২১ তারিখ** পূর্বাহ্নে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদায়নকৃত কর্মস্থলের জেলা ও দায়রা জজ এর নিকট যোগদানের জন্য অনুরোধ করা হলো। এ বিভাগ হতে পরবর্তী কোন নির্দেশ না পেলে উল্লিখিত তারিখেই নিয়োগপ্রাপ্ত সহকারী জজ সংশ্লিষ্ট পদায়নকৃত জেলায় যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত হননি মর্মে নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৪/৩/২০২১

(শেখ গোলাম মাহবুব)
উপসচিব (প্রশাসন-১)
ফোনঃ ৯৫৪০৮৮৬।

নং-১০.০০.০০০০.১২৫.১১.০০১.১৭.১১৬/১(৩১)

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ / ০৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. জেলা ও দায়রা জজ, চুয়াডাঙ্গা।
[সংশ্লিষ্ট নবনিযুক্ত সহকারী জজ এর যোগদানপত্রের অনুলিপি জরুরি ভিত্তিতে এ বিভাগে ডাকযোগে এবং ফ্যাক্সযোগে (ফ্যাক্স নম্বর ৯৫৭৬৬২৪) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। যদি তিনি যোগদান না করেন তাও অবহিত করার জন্য অনুরোধ করা হলো।]
১১. বিভাগীয় কমিশনার, খুলনা।
১২. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫ কলেজ রোড, ঢাকা।

১৩. বিভাগীয় পুলিশ কমিশনার, খুলনা।
১৪. জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
১৫. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা।
১৬. পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
১৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৮. সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৩/৪/৫/৮/বাজেট, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২০. জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
২২. উপ-পরিচালক, ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
[উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে অনতিবিলম্বে প্রকাশ করে এর ২০ কপি এ বিভাগে সরবরাহের জন্য অনুরোধ করা হলো।]
২৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
২৪. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চুয়াডাঙ্গা।
২৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিয়যক মন্ত্রণালয়।
২৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
২৭. যুগ্মসচিব (প্রশাসন-১/২)/বাজেট ও উন্নয়ন মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
২৮. উপসচিব (প্রশাসন-১/২)/বাজেট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
২৯. জনাব ইব্রাহিম খলিল, পিতা ঃ অফেজ উদ্দীন গাজী, গ্রাম ঃ জয়াখালী, হোল্ডিং নং-৩৭৬ (প্রাইমারি স্কুলের পাশে), ডাকঘর ঃ ভেটখালী, থানা ঃ শ্যামনগর, জেলা ঃ সাতক্ষীরা।
৩০. অফিস কপি।
৩১. গার্ড ফাইল।

০৪/০৩/২০২১

**(মোহাম্মদ রহমত আলী)**
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১।